

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd


স্মারক নং ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০২৩.২০২২. ২২ন

তারিখ: ১১ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

বিষয়: জনাব এ.বি.এম. জাহিদ হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল এর বিরুদ্ধে বিভাগীয় মামলা গ্রহণের উদ্দেশ্যে কারণ দর্শানোর নোটিশ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এ.বি.এম. জাহিদ হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল এর বিরুদ্ধে জনাব নুরুল আলম, প্রধান শিক্ষক, পাথরঘাটা কে.এম মডেল মাধ্যমিক বিদ্যালয় এর এমপিওভুক্তির কাগজপত্র বিধি বহির্ভূতভাবে অগ্রায়ন করেছেন এবং করোনাকালীন সরকারি প্রজ্ঞাপনে উল্লিখিত বিধি নিষেধ প্রতিপালন না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ও স্থানীয় প্রশাসনকে অনুপস্থিতির বিষয়ে অবহিত না করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় ও শৃঙ্খলামূলক ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না, তাঁর জবাব এ আদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৬/১২/২০২২
(আবু সাঈদ মো: ফজলে এলাহী)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪২৬৫

জনাব এ.বি.এম. জাহিদ হোসেন
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উজিরপুর, বরিশাল।

অনুলিপি:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।